প্রথম আলো

তারিখ ২৫ JUL 2016
পৃষ্ঠা ৫ কলাম ৪

# স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি বিল উত্থাপন

নিজস্ব প্রতিবেদক ●

স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদেরও প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে বৃত্তি দেওয়ার লক্ষ্যে আইন সংশোধনের প্রস্তাব উঠেছে জাতীয় সংসদে।

গতকাল রোববার সংসদে 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বিল-২০১৬' উত্থাপন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পরে বিলটি পরীক্ষা করে এক মাসের মধ্যে সংসদে প্রতিবেদন দেওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে।

বিলের উদ্দেশ্য ও কারণ সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইনে গবেষণা ও উচ্চশিক্ষা সহায়তার বিষয়টি না থাকায় একটি সমন্বিত বৃত্তি প্রদান নীতিমালা প্রণয়নের জন্য আইনে গবেষণা ও উচ্চশিক্ষা সহায়তার বিষয়টি অন্তর্ভুক্ত করা প্রয়োজন।